



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১

(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৫৭/২০২৩

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০
০৮ অক্টোবর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর এ ‘মুয়াজ্জিন’ পদে নিয়োগের লক্ষ্যে নির্ধারিত বেতনস্কেল এবং প্রচলিত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদিতে অস্থায়ীভাবে নিয়োগ/প্যানেল প্রস্তুতির নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। উক্ত পদে আবেদনের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা, বেতনস্কেল, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো:

- ০১। **গ্রেড এবং বেতনস্কেল** : ক) ১৬ তম গ্রেড
খ) জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
- ০২। **পদ সংখ্যা** : ০১টি (পদ সংখ্যা কম/বেশি হতে পারে)।
- ০৩। **শিক্ষাগত যোগ্যতা** : ক) আলিম পাশসহ ক্রারী হতে হবে। কোরআনে হাফেজ হলে অগ্রাধিকার দেয়া হবে। বিভাগীয় প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে।
খ) (১) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী এস.এস.সি ও সমমান এবং এইচ.এস.সি ও সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|----------------------------|----------------|
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

- (২) শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে:

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|------------------------------------|--------------------------------------|-----------------------|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদুর্ধ্ব | ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদুর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদুর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

- গ) O’ Level ও A’ Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০৪। বয়স (০৮/১০/২০২৩ তারিখে):

- ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর।
গ) বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
ঘ) প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

- ০৫। আগ্রহী প্রার্থীদেরকে ০২/১১/২০২৩ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। ০২/১১/২০২৩ তারিখ বা তৎপূর্বে যাদের আলিম ডিগ্রীর ফলাফল প্রকাশিত হবে/হয়েছে এবং ক্রারী হওয়ার অভিজ্ঞতা অর্জন করেছেন শুধুমাত্র তারা আবেদনের যোগ্য হবেন।

- ০৬। আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী (erecruitment.bb.org.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

- ০৭। যাদের বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ CV রয়েছে, তারা তাদের উক্ত CV -এর মাধ্যমেই আবেদন করবেন। প্রার্থীর নাম ও পিতার নাম এস.এস.সি/সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সেভাবে লিখতে হবে। নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, ১১ ডিজিটের মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীরা আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/হালনাগাদ করে নিবেন। তবে, যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড অবশ্যই সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্ছৃতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। **আবেদনপত্রের তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।**
- ০৮। **অনলাইনে আবেদন করার পর CV Identification Number, Tracking Number ও Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে বর্ণিত তথ্যসমূহ প্রয়োজন হবে।**
- ০৯। আলোচ্য পদে আবেদনের ক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।
- ১০। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোডের জন্য একটি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। আবেদন যাচাই বাছাই শেষে যোগ্য প্রার্থীদের উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করার সুযোগ দেওয়া হবে। যারা উল্লিখিত সময়সীমার মধ্যে প্রবেশপত্র ডাউনলোড করবেন শুধু তারা পেরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন। নির্ধারিত সময়সীমার পর প্রবেশপত্র ডাউনলোডের কোন সুযোগ থাকবেনা।
- ১১। প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১২। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।
- ১৩। চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বনুমোদনক্রমে আবেদন করতে পারবেন। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে।** অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
- ১৪। আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
- ১৫। আলোচ্য পদে শুধু পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ১৬। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ নিয়োগ পাওয়ার উপযুক্ত বিবেচিত হবেন না। বাংলাদেশের নাগরিক নয় প্রার্থীর এরূপ স্ত্রী থাকলে অথবা বিবাহ বন্ধনের জন্য চুক্তিবদ্ধ হলে নিয়োগের জন্য অনুপযুক্ত বিবেচিত হবেন।
- ১৭। মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল জেলার স্থায়ী বাসিন্দা এবং এতদ্ব্যতীত জেলা কোটার অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, মেহেরপুর, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন।
- ১৮। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- ১৯। **কর্তৃপক্ষ প্রয়োজনে এই বিজ্ঞপ্তির কার্যক্রম যেকোন পর্যায়ে সংশোধন/স্বগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।**
- ২০। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।
- ২১। দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি: প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল ইসলাম)
পরিচালক (এইচআরডি-১)